



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd


স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০. ০২৮.১৮- ০৬

তারিখঃ ০১/০১/২০১৯ খ্রিঃ

জনাব মোঃ শাহাদাত হোসেন
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)
বামনা, বরগুণা

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

বিগত ১২/১২/২০১৮ খ্রিঃ তারিখ সকাল ৭ঃ০০ টা থেকে ৮ঃ০০ টার মধ্যবর্তী সময়ে বরগুণা জেলার বামনা উপজেলায় ইরেসপো প্রকল্প অফিসে ইরেসপো'র দু'জন মাঠ সংগঠক লাঠি হামলা করে এআরডিও জনাব মোঃ শাহাদাত হোসেন'কে শারীরিকভাবে লাঞ্চিত করার ঘটনাটির সত্যতা যাচাইয়ের জন্য বরগুণা জেলার উপপরিচালক সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রকল্প দপ্তরে প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদন ও তার সঙ্গে প্রেরিত ভিডিও ক্লিপ হতে সুস্পষ্টভাবে প্রমাণিত হয় যে, আপনি প্রকল্পের মাঠ সংগঠক এর জন্য নির্ধারিত টেবিলের ড্রয়ার হতে প্রায়ই সুফলভোগী হতে আদায়কৃত অর্থ চুরি করে আত্মসাৎ করেন; যা জঘন্যতম অপরাধ এবং অফিস শৃঙ্খলা ও চাকুরী বিধি পরিপন্থী। এ ধরনের অফিস শৃঙ্খলা ও চাকুরী বিধি পরিপন্থী জঘন্যতম অপরাধ এর জন্য আপনার বিরুদ্ধে কেন প্রশাসনিক ব্যবস্থা হিসেবে কর্মসূচির চুক্তিভিত্তিক নিয়োগ হতে অব্যাহতি প্রদান করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র জারির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে দাখিল করার জন্য নির্দেশক্রমে বলা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদ আলম
প্রকল্প পরিচালক, ইরেসপো
বিআরডিবি, ঢাকা

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০. ০২৮.১৮-


তারিখঃ ০১/০১/২০১৯ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ বরগুণা/ভোলা।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ বামনা/বোরহানউদ্দীন, জেলাঃ বরগুণা/ভোলা।
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ বামনা/বোরহানউদ্দীন, জেলাঃ বরগুণা/ভোলা।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. অফিস নথি/ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)


মোহাম্মদ আতিকুর রহমান
উপপ্রকল্প পরিচালক, ইরেসপো
বিআরডিবি, ঢাকা
ফোনঃ ০২৮১৮০১৪৩